কালের কণ্ঠ

তারিখ 13 SEP 2015
পৃষ্ঠা ২০ কলাম ৫

# ভ্যাট প্রত্যাহার দাবিতে অনড় শিক্ষার্থীরা

- ধর্মঘটের প্রথম দিন ক্লাস পরীক্ষা বর্জন, রাজপথে বিক্ষোভ
- ঢাকার বাইরে সড়ক অবরোধ

নিজস্ব প্রতিবেদক ▷

বেসরকারি বিশ্ববিদ্যালয়ে টিউশন ফির ওপর থেকে ভ্যাট প্রত্যাহারের দাবিতে অনড় রয়েছে শিক্ষার্থীরা। ছাত্র ধর্মঘটের প্রথম দিন গতকাল শনিবার ক্লাস-পরীক্ষা বর্জন করে তারা রাজপথে বিক্ষোভও করেছে। গতকাল সরকারি ছুটির দিন হওয়ায় রাজধানীতে শিক্ষার্থীরা রাস্তার একাংশ দখল করে আন্দোলন করলেও তা জনজীবনে প্রভাব ফেলেনি। তবে ঢাকার বাইরে মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করায় কিছু সময়ের জন্য থমকে যায় যান চলাচল।

গত শুক্রবার তিনটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা 'নো ভ্যাট অন এডুকেশন' ব্যানারে কর্মসূচি ঘোষণা করে। গতকাল মাত্র একটি সংগঠনের কর্মসূচি অনুযায়ী শুরু হয় ধর্মঘট। তা আগামীকাল সোমবার পর্যন্ত চলবে। ধর্মঘট চলাকালে বেশির ভাগ বেসরকারি বিশ্ববিদ্যালয়ে কোনো ক্লাস-পরীক্ষা হয়নি। আজ রবিবার মূলত তিনটি সংগঠনের ধর্মঘটের কর্মসূচি রয়েছে।

এদিকে অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত গতকালও রাজধানীতে এক অনুষ্ঠানে বলেছেন, 'বেসরকারি বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষার্থী প্রতিদিন গড়ে এক হাজার টাকা খরচ করেন। সেখানে সাড়ে সাত শতাংশ হারে এক হাজার টাকায় ৭৫ টাকা ভ্যাট খুব বড় কিছু নয়। এর পরও যাতে তাদের ওপর চাপ না পড়ে সে জন্য তা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দেবে। তবে আমি বলেছি, তোমরা (শিক্ষার্থীরা) আগামী বছর থেকে আন্দোলনের প্রস্তুতি নাও যাতে এই ভ্যাটের অজুহাতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ফি বাড়াতে না পাড়ে।'

তবে 'নো ভ্যাট অন এডুকেশন'-এর অন্যতম সমন্বয়ক জ্যোতির্ময় চক্রবর্তী গতকাল কালের কণ্ঠকে বলেন, 'তিন দিনের ছাত্র ধর্মঘটের প্রথম দিনেই সর্বাত্মক কর্মসূচি পালিত হয়েছে। রাজধানী ছাড়াও চট্টগ্রাম ও সিলেটে ভ্যাটবিরোধী আন্দোলনের সমর্থনে শান্তিপূর্ণ মানববন্ধন ও বিক্ষোভ হয়েছে। ভ্যাট প্রত্যাহারের দাবিতে রাজপথে নেমেছি, দাবি আদায় না হওয়া পর্যন্ত আমাদের অবস্থান থেকে এক চুলও নড়ব না। সরকারের অর্থমন্ত্রী ও এনবিআরের ব্যাখ্যা অতি 'চতুরতাপূর্ণ'। সরকারের দায়িত্বশীল পর্যায় থেকে একেক সময় একেক বক্তব্য দিয়ে আন্দোলনকে নস্যাৎ করার চেষ্টা করা হচ্ছে। তিন দিনের ধর্মঘটেও কোনো ঘোষণা না এলে আমরা আরো কঠোর কর্মসূচিতে যাওয়ার চিন্তাভাবনা করছি।'

ধর্মঘটের প্রথম দিনে রাজধানী ঘুরে দেখা যায়, অনেক বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মানববন্ধন ও বিক্ষিপ্তভাবে বিক্ষোভ করেছে। তবে এতে যান চলাচলের গতি ধীর হলেও গত বৃহস্পতিবারের মতো অচলাবস্থার সৃষ্টি হয়নি। গতকাল সকাল সাড়ে ১১টার দিকে ধানমণ্ডির ২৭ নম্বর সড়কে দুই প্রান্তে, শুক্রাবাদ এলাকায় এবং ল্যাবএইডের পাশের রাস্তায় শিক্ষার্থীরা মানববন্ধন ও মিছিল করে। ল্যাবএইড হাসপাতালের কাছে দুপুর ১২টার দিকে মানববন্ধন করে ওয়ার্ল্ড ইউনিভার্সিটির শিক্ষার্থীরা। এরপর তারা সড়কে অবস্থান নেয়। অবরোধে সিটি কলেজ থেকে কলাবাগান যাওয়ার পথ আটকে যায়। কিছুক্ষণ পর

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ১
ছবি ▶ পৃষ্ঠা ২

## ভ্যাট প্রত্যাহার দাবিতে অনড় শিক্ষার্থীরা

▶▶ শেষ পৃষ্ঠার পর

আবার ইস্টার্ন ইউনিভার্সিটির শিক্ষার্থীরা তাদের সঙ্গে যোগ দেয়। পুলিশের অনুরোধে ঘণ্টাখানেকের মধ্যে রাস্তা ছেড়ে দেয় শিক্ষার্থীরা। এরপর তারা মানববন্ধন করে এবং দুপুর দেড়টার মধ্যে কর্মসূচি শেষ করে। শুক্রাবাদে দুপুর ১টার দিকে ড্যাফোডিল বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা মানববন্ধন করে। ধানমণ্ডি ২৭ নম্বর সড়কে স্টেট ইউনিভার্সিটির শিক্ষার্থীরাও বিক্ষোভ করে। দুপুর ২টা পর্যন্ত তাদের রাস্তার পাশে অবস্থান নিতে দেখা যায়।

তেজগাঁও বেগুনবাড়ী এলাকায় দুপুর সাড়ে ১২টার দিকে আহ্ছানউল্লাহ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিক্ষোভ মিছিল করে। পান্থপথ সিগন্যালে বিক্ষোভ করে ঢাকা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির শিক্ষার্থীরা। এ ছাড়া বাড্ডা, নতুন বাজার, বনানী ও মহাখালী এলাকায় বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা বিক্ষোভ করেছে বলে 'নো ভ্যাট অন এডুকেশনে'র সমন্বয়কারীরা জানায়।

এদিকে রাজধানীর বারিধারার একটি রেস্টুরেন্টে এক সংবাদ সম্মেলনে বেসরকারি শিক্ষার্থীদের অন্য একটি অংশ আজ রবিবার থেকে ক্লাস বর্জন ও রাজপথ অবরোধের ঘোষণা দিয়েছে। তারা সাংবাদিকদের বলে, 'আমরা স্পষ্ট করে বলতে চাই, আমাদের এই আন্দোলন শুধু সরকারের ভ্যাটবিষয়ক সিদ্ধান্তের বিরুদ্ধে, কোনোভাবেই সরকারের বিরুদ্ধে নয়। বরং আমরা সরকারের সহযোগিতা চাই। আমরা চাই সুষ্ঠুভাবে ক্লাসে ফিরে যেতে, অব্যাহত রাখতে চাই আমাদের শিক্ষা কার্যক্রম।' এ সময় নর্থ সাউথ ইউনিভার্সিটির শিক্ষার্থী জাকারিয়া, শাহরিয়ার, আসিফ ছাড়াও আরো কয়েকটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা উপস্থিত ছিল।

সাভার থেকে আমাদের নিজস্ব প্রতিবেদক জানান, বেসরকারি বিশ্ববিদ্যালয়ে শিক্ষার ওপর ভ্যাট আরোপের প্রতিবাদে সাভারে ঢাকা-আরিচা মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করেছে গণবিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। শনিবার দুপুর ১২টা থেকে সোয়া ১২টা পর্যন্ত ঢাকা-আরিচা মহাসড়কের মীর্জানগর গণস্বাস্থ্য কেন্দ্রের সামনে অবরোধ করে কয়েক শ শিক্ষার্থী। পরে তারা ঢাকা-আরিচা মহাসড়কে অবস্থান নেয়। তারা প্রায় ১৫ মিনিট মহাসড়ক অবরোধ করে বিক্ষোভ করে। ফলে ঢাকা-আরিচা মহাসড়কের উভয় পাশে কয়েক শ যানবাহন আটকা পড়ে। পরে পুলিশ শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে তাদের সরিয়ে দিলে যান চলাচল স্বাভাবিক হয়।

আমাদের **সিলেট অফিস** জানায়, সকাল ১১টা থেকে নগরের চৌহাট্টায় কেন্দ্রীয় শহীদ মিনারের সামনে বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয় ও মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা জড়ো হয়ে রাস্তায় অবস্থান নেয়। প্রায় এক ঘণ্টা সড়ক অবরোধের ফলে জিন্দাবাজার-বন্দরবাজার এলাকায় যানজট লেগে যায়। দুপুর ২টার দিকে শিক্ষার্থীরা একটি মিছিল বের করে। মিছিলটি নগরের কোর্ট পয়েন্ট ঘুরে ফের চৌহাট্টায় শহীদ মিনার প্রাঙ্গণে গিয়ে শেষ হয়।

সিলেটের মেট্রোপলিটন ইউনিভার্সিটি, লিডিং ইউনিভার্সিটি, ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, নর্থইস্ট ইউনিভার্সিটি, উইমেন্স মেডিক্যাল কলেজ, নর্থইস্ট মেডিক্যাল কলেজের শিক্ষার্থীরা ভ্যাটবিরোধী আন্দোলনে রাজপথে নামে।

চট্টগ্রাম থেকে আমাদের নিজস্ব প্রতিবেদক জানান, গতকাল চন্দনাইশে সড়ক অবরোধ করে বিজিসি ট্রাস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা। সকাল পৌনে ১১টায় বিশ্ববিদ্যালয়ের চন্দনাইশ ক্যাম্পাসের সামনে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কে অবস্থান নেয় তারা। আধা ঘণ্টা অবস্থানের পর পুলিশের অনুরোধে সোয়া ১১টার দিকে শিক্ষার্থীরা সড়ক থেকে সরে গেলে গাড়ি চলাচল স্বাভাবিক হয়। তবে অবরোধের কারণে চট্টগ্রাম-কক্সবাজার মহাসড়কের দুই প্রান্তে প্রায় এক কিলোমিটার যানজটের সৃষ্টি হয়। চট্টগ্রাম জেলা পুলিশের পটিয়া সার্কেলের এএসপি মো. শামীম হোসেন বলেন, 'স্বরাষ্ট্রমন্ত্রী এ সড়ক দিয়ে লোহাগাড়া গেছেন। এ খবর পেয়ে বিজিসি ট্রাস্ট বিশ্ববিদ্যালয়ের কয়েক শ শিক্ষার্থী রাস্তায় অবস্থান নেয়। পরে পুলিশের হস্তক্ষেপে তারা অবরোধ তুলে নেয়।' বিজিসি ট্রাস্ট বিশ্ববিদ্যালয়ের বিবিএ সপ্তম সেমিস্টারের শিক্ষার্থী মো. সাকিব বলেন, 'রবিবার এবং সোমবারও আমরা বিক্ষোভ ও অবস্থান কর্মসূচি পালন করব।'